

Air Vice Marshal ASM Fakhru Islam, OSP, GUP, ndc, afwc, psc, GD (P)
Vice Chancellor
Bangabandhu Sheikh Mujibur Rahman Aviation and Aerospace
University (BSMRAAU)
Dhaka Campus: Old Airport, Tejgaon Dhaka 1215
Phone: +880-02-55065050
E-Mail: vc@bsmraau.edu.bd
Web: www.bsmraau.edu.bd



এয়ার ভাইস মার্শাল এএসএম ফখরুল ইসলাম, ওএসপি, জিইউপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, জিডিপি
উপাচার্য
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন এন্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয় (বিএসএমআরএইউ)
ঢাকা ক্যাম্পাসঃ পুরাতন বিমানবন্দর, তেজগাঁও, ঢাকা- ১২১৫।
ফোনঃ +৮৮০-০২-৫৫০৬৫০৫০
ইমেইলঃ vc@bsmraau.edu.bd
ওয়েবসাইটঃ www.bsmraau.edu.bd

সাবেক পররাষ্ট্র সচিব ও রাষ্ট্রদূত ওয়ালিউর রহমানের ইন্তেকালে বিএসএমআরএইউ পরিবারের গভীর শোক বার্তা

সাবেক পররাষ্ট্র সচিব ও রাষ্ট্রদূত ওয়ালিউর রহমান বুধবার সকাল সাড়ে ১০টায় রাজধানীর ল্যাবএইড হাসপাতালে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন (ইম্মা লিল্লাহি ওয়া ইম্মা ইলাইহি রাজিউন)। বিএসএমআরএইউ পরিবারের পক্ষ থেকে আমি তাঁর এ ইন্তেকালে গভীরভাবে ব্যথিত, শোকার্থ এবং তাঁর পরিবারের সকল সদস্যদের প্রতি সমবেদনা প্রকাশ করছি।

রাষ্ট্রদূত ওয়ালিউর রহমান ঝিনাইদহ জেলার শৈলকুপার কীচেরকোল গ্রামে জন্মগ্রহণ করেন এবং ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের পক্ষে অবস্থান নিয়ে পাকিস্তানের ফরেন সার্ভিসের চাকরি ছেড়ে মুজিবনগর সরকারে যোগদান করেন। স্বাধীনতার পর ১৯৭২ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্দেশে ও নেতৃত্বে তিনি বাংলাদেশের জন্য আন্তর্জাতিক সংস্থাগুলোর সদস্যপদ অর্জন করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। তাঁর বর্ণাঢ্য কর্মজীবনে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব, রাষ্ট্রদূত ও প্রধানমন্ত্রীর বিশেষ দূত হিসাবে দায়িত্ব পালন করেছেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে নুশংসভাবে হত্যার পর জনাব ওয়ালিউর রহমান এই ঘৃণ্য ঘটনার প্রতিবাদ জানিয়ে সাহসিকতার স্বাক্ষর রাখেন। বঙ্গবন্ধুর খুনিদের ফিরিয়ে আনার বিষয়েও তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। এছাড়াও জনাব ওয়ালিউর রহমান ১৯৯৭ সালে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ দূত হিসেবে কিংবদন্তি নেতা নেলসন ম্যান্ডেলার সঙ্গে সাক্ষাত করেন এবং বাংলাদেশের স্বাধীনতার রক্তজয়ন্তী উপলক্ষে নেলসন ম্যান্ডেলাকে আমন্ত্রণ জানিয়েছিলেন।

প্রাক্তন পররাষ্ট্র সচিব ওয়ালিউর রহমানের মৃত্যুতে দেশ ও জাতির অপূরণীয় ক্ষতি হলো।

আমি তাঁর রুহের মাগফিরাত কামনা করছি।

(এয়ার ভাইস মার্শাল এএসএম ফখরুল ইসলাম, ওএসপি, জিইউপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, জিডিপি)

উপাচার্য

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন এন্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয় (বিএসএমআরএইউ)